রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, মে ১০, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ২৭ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১০ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

নং **২০ (মুঃ ও প্রঃ)**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৭ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/ ১০ মে, ২০২৫ তারিখে প্রণীত নিম্নে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং-২০, ২০২৫

International Crimes (Tribunals) Act, 1973 অধিকতর সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) এর অধিকতর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই অধ্যাদেশ International Crimes (Tribunals) (Second Amendment) Ordinance, 2025 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. XIX of 1973 এর section 2 এর সংশোধন।**—International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 2 এর clause (bb) এর পর নিম্নরূপ নূতন clause (bbb) সন্নিবেশিত হইবে, যথা:—

> **"(bbb)** "organisation" means any political party, or any entity subordinate to, or affiliated to, or associated with such a party, or any group of individuals which, in the opinion of the Tribunal, propagates, supports, endorses, facilitates, or engages in the activities of such a party or entity;" ।

৩। **Act No. XIX of 1973 এ section 20B এর সন্নিবেশ।**—উক্ত Act এর section 20A এর পর নিম্নরূপ নূতন section 20B সন্নিবেশিত হইবে, যথা:—

> "**20B. Punishments, etc. for organisation**.—Notwithstanding anything contained in this Act or any other law for the time being in force, if it appears to the Tribunal that any organisation has committed, ordered, attempted, aided, incited, abetted, conspired, facilitated or otherwise assisted the commission of any of the crimes under sub-section (2) of section 3 of this Act, the Tribunal shall have the power to suspend or prohibit its activities, ban the organisation, suspend or cancel its registration or license, and confiscate its property." ।

তারিখ: ২৭ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ
১০ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ড. হাফিজ আহমেদ চৌধুরী
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd